অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/31/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো 29টি সরকারি উদ্যানের তত্বাবধানে সহায়তা প্রদানকারী সমাজসেবী সংগঠনগুলিকে অনুদান প্রদানের কথা ঘোষণা করেছেন

সরকারি উদ্যান, জঙ্গল এবং ঐতিহাসিক স্থানগুলির অংশীদার সংগঠনগুলির জন্য অর্থের সাহায্যে উন্মুক্ত স্থানগুলির রক্ষণাবেক্ষণের উন্নতি হবে

গভর্নর এন্ড্রু এম কুওমো আজ ঘোষণা করেছেন যে স্টেট অফিস অব পার্কস, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ, পরিবেশ সংরক্ষণ বিভাগ, এবং অ্যাডভোকেসি গ্রুপ পার্কস অ্যান্ড ট্রেইলস নিউ ইয়র্ক 29টি সরকারি উদ্যান, ঐতিহাসিক স্থান এবং সরকারি জমির তত্বাবধানের সাথে জড়িত সমাজসেবী সংগঠনগুলিকে অনুদান প্রদান করা হয়েছে। সহযোগী সংস্থাগুলিকে দেওয়া 29টি অনুদান এই ঐতিহাসিক উন্মুক্ত জায়গার রক্ষণাবেক্ষণ উন্নত করতে সাহায্য করবে।

"আজকে ঘোষিত অনুদান নিউ ইয়র্কের উন্মুক্ত স্থানগুলোকে সুন্দর এবং আদিম রাখার প্রচেষ্টাকে আরও শক্তিশালী করতে সাহায্য করবে, যখন নিউ ইয়র্কবাসীরা আশ্রয় এবং অবসর যাপনের জন্য প্রকৃতির দিকে ঝুঁকছে," **গভর্নর কুওমো বলেন**। "নিউ ইয়র্ক এই স্বেচ্ছাসেবক গোষ্ঠীর কাছে কৃতজ্ঞ, যারা তাদের সময় উৎসর্গের মাধ্যমে আমাদের উদ্যান ব্যবস্থায় মূল্যবান সমর্থন প্রদানক্রমে উন্নয়নে সহায়তা করে, যা আমরা সবাই উপভোগ করতে পারি।"

বিশেষ অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে জনগণের উদ্যান ব্যবহারের প্রচার এবং মূলধন প্রকল্পের জন্য ব্যক্তিগত তহবিল জোগাড়, রক্ষণাবেক্ষণের কাজ, শিক্ষামূলক কর্মসূচির জন্য সরকারী পরিবেশগত সুরক্ষা তহবিল ও সহায়তা অংশীদার গোষ্ঠীর প্রচেষ্টার মাধ্যমে দ্য পার্ক অ্যান্ড ট্রেইল পার্টনারশিপ প্রোগ্রামের অনুদান অর্থের ব্যবস্থা করা হয়।

2015 সালে প্রতিষ্ঠিত এই কর্মসূচি তার পঞ্চম রাউন্ডে 900,000 মার্কিন ডলার প্রদান করেছে এবং আজ পর্যন্ত পার্ক, ঐতিহাসিক স্থান এবং সরকারি জমি শক্তিশালী করার জন্য 2.7 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে। নিম্নোক্ত কর্মসূচির লক্ষ্যে অনুদান প্রদান করা হয়:

- নিউ ইয়র্ক স্টেট পার্ক, ট্রেইল, ঐতিহাসিক স্থান এবং সরকারী জমির সংরক্ষণ, পরিচালনা, ব্যাখ্যা, রক্ষণাবেক্ষণ এবং প্রচার;
- নিউ ইয়র্ক স্টেট পার্ক, ট্রেইল এবং স্টেটের ঐতিহাসিক স্থানগুলির প্রচার, রক্ষণাবেক্ষণ এবং সহায়তার কাজে যুক্ত সমাজসেবী সংগঠনগুলির তহবলি উত্থানের

সামর্থ্য এবং স্বেচ্ছা শ্রমের ব্যবহার, উৎপাদনশীলনা, কার্যকারিতা, ধারণক্ষমতা বৃদ্ধি এবং;

- পার্ক, ট্রেইল এবং গ্রীনওয়ের একটি সংযুক্ত রাষ্ট্রব্যাপী নেটওয়ার্কের বৃদ্ধি ও সম্প্রসারণের মাধ্যমে বাইরের বিনোদনের অর্থনৈতিক উন্নয়ন সুবিধাএবং পর্যটনের প্রচার।

স্টেট পার্কস কমিশনার এরিক কুলেসেইড বলেন, "বন্ধু গোষ্ঠীগুলি আমাদের সুবিধা এবং মূল কর্মসূচির সম্মুখভাগে রয়েছে। আমরা এই সব গ্রুপের জন্য কৃতজ্ঞ এবং এই অনুদান তাদের এটি প্রদান করতে সাহায্য করে।"

ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজার্ভেশন (Department of Environmental Conservation)-এর কমিশনার, বেসিল সেগোস বলেন, "নিউ ইয়র্কের বিস্ময়কর স্টেটের জঙ্গল, স্টেটের উদ্যান, ঐতিহাসিক স্থান এবং উন্মুক্ত স্থান প্রকৃতিপ্রেমী এবং সকল বয়সের আউটডোর অ্যাডভেঞ্চার প্রেমীদের জন্য অতুলনীয় সৌন্দর্য এবং সীমাহীন কার্যকলাপের সুযোগ প্রদান করে। এই গুরুত্বপূর্ণ তহবিল স্টেটের অনেক সমাজসেবী অংশীদারকে সমর্থন করে যারা নিউ ইয়র্কের পার্ক এবং ট্রেইল পার্টনারশিপ প্রোগ্রামের মেরুদণ্ড গঠন করেন এবং স্টেটের 300 মিলিয়ন মার্কিন ডলারের পরিবেশ সুরক্ষা তহবিল ক্ষমতার একটি উদাহরণ।"

পার্কস এন্ড ট্রেইলস নিউ ইয়র্ক এর এক্সিকিউটিভ ডিরেক্টর রবিন ড্রপকিন বলেন, "বন্ধু সংগঠনগুলি গড়ে তোলা এবং শক্তিশালী করার কাজ অব্যহত রাখার মাধ্যমে ঐতিহাসিক পার্ক ব্যবস্থা এবং অন্যান্য সরকারী জমিকে পুনজাগরিত করতে নিউ ইয়র্ক স্টেটের বর্তমান প্রচেষ্টায় একটি তাৎপর্যপূর্ণ সহায়ক হয়ে ওঠে এবং প্রকৃতির সাথে মিশতে এবং তার প্রতি কৃতজ্ঞতা প্রকাশে আগতদের অধিক সুযোগ প্রদান করে, যা এই অপ্রত্যাশিত সময়ে ভীষণভাবে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। অলাভজনক অ্যাডভোকেসি গ্রুপ পার্কস এন্ড ট্রেইলস নিউ ইয়র্কের সাথে অংশীদারিত্বে অনুদান পরিচালিত হয়। প্রাপকদের অবশ্যই গৃহীত অনুদান অর্থরাশির অন্তত 10 শতাংশ বাইরে থেকে জোগাড় করতে হবে।"

পুরস্কারপ্রাপ্তদের মধ্যে রয়েছে:

রাজধানী অঞ্চল

- কলম্বিয়া ফ্রেন্ডস অফ দ্যা ইলেকট্রিক ট্রেইল (10,000 মার্কিন ডলার)- যোগাযোগ এবং ওয়েবসাইটের উন্নতি, মুদ্রণ এবং চিঠি পাঠানোর খরচ এবং আলবানি-হাডসন বৈদ্যুতিক ট্রেইল প্রচারের জন্য সদস্যপদ সমন্বয়ের প্রচারে সমর্থন করা।
- মোরেউ লেক স্টেট পার্কের বন্ধুরা (13,500 মার্কিন ডলার)- এই গ্রুপের সদস্যপদের প্রচারের জন্য ডিজাইন করা প্রচারণামূলক উপাদান তৈরি করতে একজন পরামর্শদাতাকে অর্থ প্রদান করা।

- সারাতোগা স্পা স্টেট পার্কের বন্ধুরা (12,000 মার্কিন ডলার)- একজন পরামর্শক, সদস্যপদ ব্যবস্থাপনা সফটওয়্যার এবং প্রচারণামূলক উপাদান, ডিজিটাল মার্কেটিং এবং চেম্বার অফ কমার্স সদস্যপদের জন্য অর্থের ব্যবস্থা।
- শুইলার ম্যানসনের বন্ধুরা (28,256 মার্কিন ডলার)- ভবনের দোতলার বলরুমের জন্য ঐতিহাসিক মেঝের কাপড়ের আচ্ছাদন কিনতে এবং বর্তমান ব্রাসেলস কার্পেটিং-এর ছবির জন্য।
- লেক জর্জ ব্যাটলফিল্ড পার্ক (ফোর্ট জর্জ) অ্যালায়েন্স (3,528 মার্কিন ডলার)- পার্কে নতুন সাইনবোর্ড ক্রয় করার জন্য।
- ইউ.এস গ্রান্ট কটেজের বন্ধুরা (48,000 মার্কিন ডলার)- অফসাইট পার্কিং, পথচারীদের ব্যবহারযোগ্য পথ, পামেরটাউন ট্রেইল নেটওয়ার্কে সংযোগ, একটি স্মৃতিসৌধের বাগান এবং নতুন প্যাভিলিয়নসহ ভবিষ্যতের সম্ভাব্য উন্নয়নের জন্য মাস্টার প্ল্যান এবং বর্তমান অবস্থার মূল্যায়নের জন্য অর্থের ব্যবস্থা।
- দ্য ওলানা পার্টনারশিপ (14,400 মার্কিন ডলার)- একটি নতুন গেট, সাইনবোর্ড, বেঞ্চ এবং বাইক র্যাক সহ হাডসন রিভার স্কাইওয়াক থেকে ওলানা স্টেট হিস্টরিক সাইট পর্যন্ত একটি নতুন ট্রেইলহেডের পরিকল্পনায় সমর্থন।
- উইল্টন ওয়াইল্ডলাইফ প্রিজার্ভ (4,800 মার্কিন ডলার)- ট্রেইল কিয়স্কের জন্য নতুন সাইনবোর্ড, Saratoga Sand Plains-এর পরিবেশ সংক্রান্ত ইতিহাসের উপর স্কুল প্রোগ্রামিংয়ের অর্থের ব্যবস্থা।

সেন্ট্রাল নিউ ইয়র্ক

- ফিলমোর গ্লেন স্টেট পার্কের বন্ধুরা (16,500 মার্কিন ডলার)- গ্রুপের বার্ষিক তহবিল সংগ্রহ প্রচেষ্টা, ফিলমোর ডেজ-এর জন্য সরঞ্জাম এবং খরচে সহায়তা।
- উইনোনা ফরেস্ট রিক্রিয়েশন অ্যাসোসিয়েশন (33,386 মার্কিন ডলার)- তিন মাইল পথ উন্নত করা এবং ক্রস-কান্ট্রি স্কিইং সরঞ্জাম ক্রয়।

ফিঙ্গার লেকস

- ফিঙ্গার লেকস ট্রেইল কনফারেন্স (50,000 মার্কিন ডলার)- 1000 মাইল ট্রেইল নেটওয়ার্কে পর্যটন বৃদ্ধির জন্য সদস্যপদ এবং বিপণনের জন্য একজন যোগাযোগ পরামর্শক নিয়োগ করা।
- সোনেনবার্গ গার্ডেন্স অ্যান্ড ম্যানসন স্টেট হিস্টোরিক পার্ক (25,000 মার্কিন ডলার)- একটি নতুন সুবিধায় ঐতিহাসিক আসবাবপত্র, টেক্সটাইল, চীন এবং অন্যান্য সামগ্রী সংগ্রহ, পরিবহন এবং সংরক্ষণে সহায়তা।
- রোচেস্টার ইনক্লুসিভ কমিউনিটি রোয়িং (23,934 মার্কিন ডলার)- একটি নতুন প্রবেশযোগ্য ডক ক্রয়ের জন্য।

লং আইল্যান্ড

- আটলান্টিক মেরিন কনজারভেশন সোসাইটি (95,822 মার্কিন ডলার)- নিকটবর্তী হ্যালক স্টেট পার্ক প্রিজার্ভের সঙ্গে কাজ করার জন্য একজন শিক্ষা সমন্বয়কারীর নিয়োগ।
- প্ল্যান্টিং ফিল্ডস ফাউন্ডেশন (70,000 মার্কিন ডলার)- প্ল্যান্টিং ফিল্ডস আর্বোরেটাম স্টেট হিস্টোরিক পার্কে একটি ঐতিহাসিক সংরক্ষণ এবং খালি কাঠামোর অভিযোজিত পুনর্ব্যবহারের জন্য একজন স্থপতি নিয়োগ করা।
- ওয়াল্ট হুইটম্যান বার্থপ্লেস এসোসিয়েশন (21,120 মার্কিন ডলার)- দৃশ্যমানতা এবং বিপণন বৃদ্ধির জন্য একটি আউটডোর ভিডিও ডিসপ্লে স্থাপনের জন্য।

মিড-হাডসন

- ব্যানারম্যান ক্যাসল ট্রাস্ট (63,000 মার্কিন ডলার)- বাসভবন এবং নর্থ ট্রেইলের চারপাশের ভাঙ্গা ফুটপাথ প্রতিস্থাপন করা।
- ফাহনেস্টক অ্যান্ড হাডসন হাইল্যান্ডস স্টেট পার্কের বন্ধুরা (7,286 মার্কিন ডলার)- পার্কের মধ্যে আপালাচিয়ান ট্রেইল বরাবর একটি রাত্রিকালীন ট্রেইল শেল্টার নির্মাণ।
- রকল্যান্ড লেক অ্যান্ড হুক মাউন্টেনের বন্ধুরা (45,000 মার্কিন ডলার)- "পার্কে শিক্ষা" প্রোগ্রাম সম্প্রসারণের মাধ্যমে হুক মাউন্টেন, রকল্যান্ড লেক, নিয়াক বিচ স্টেট পার্ক, হাভারস্ট্র বিচ স্টেট পার্ক এবং হাডসন নদীর সাথে সরকারী স্কুলগুলোকে সংযুক্ত করা।
- নিউ ইয়র্ক-নিউ জার্সি ট্রেইল কনফারেন্স (32,400 মার্কিন ডলার)- মিননেওয়াস্কা স্টেট পার্ক প্রিজার্ভে ট্রেইল স্টুয়ার্ড সরবরাহ করা।
- স্টোনি কিল ফাউন্ডেশন ইনকর্পোরেটেড (90,000 মার্কিন ডলার)- প্রোগ্রামিং, অপারেশন এবং তহবিল সংগ্রহ বৃদ্ধির জন্য একজন নতুন নির্বাহী পরিচালক নিয়োগ করা।
- দ্যা লিটল স্টোনি পয়েন্ট সিটিজেনস অ্যাসোসিয়েশন ইনকর্পোরেটেড (6,640 মার্কিন ডলার)- নতুন স্বেচ্ছাসেবক কেন্দ্রে মিডিয়া সরঞ্জাম এবং নতুন সিলিং ফ্যানের জন্য।

নর্থ কাউন্টি

- জন ব্রাউন লাইভস (11,650 মার্কিন ডলার)- জন ব্রাউনের ফার্ম স্টেট হিস্টোরিক সাইটে সম্প্রসারিত প্রোগ্রামিংয়ে সহায়তা।
- আপার সারানাক ফাউন্ডেশন (19,000 মার্কিন ডলার)- ফিশ ক্রিক অ্যাকোয়াটিক ইনভেসিভ স্পিসিজ স্প্রেড প্রিভেনশন এবং কন্টেইনমেন্ট প্রোজেক্ট সহায়তা প্রদান।

নিউ ইয়র্ক সিটি

- গ্যান্ট্রি প্লাজা স্টেট পার্কের বন্ধুরা (21,600 মার্কিন ডলার)- পার্কে গাছের প্রহরী প্রতিস্থাপন এবং সেচ্ছাসেবকদের প্রচার বৃদ্ধিতে সহায়তা।

সাউদার্ন টায়ার

- রজার্স এনভায়রনমেন্টাল এডুকেশন সেন্টারের বন্ধুরা (36,000 মার্কিন ডলার)- কেন্দ্রে প্রদর্শনীর উন্নতির জন্য।

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক

- আলেগানি স্টেট পার্কের বন্ধুরা (10,399 মার্কিন ডলার)- ব্যাখ্যামূলক কিয়স্ক স্থাপন করতে, একটি ভিডিও স্ক্রীন যোগ করতে এবং রেড হাউস সমিল মেরামত।
- নক্স ফার্ম স্টেট পার্কের বন্ধুরা (75,000 মার্কিন ডলার)- সংশ্লিষ্ট স্থানগুলিতে সাতটি ঐতিহাসিক গুদাম মেরামত করা।
- মার্টিন হাউস রিস্টোরেশন কর্পোরেশন (10,000 মার্কিন ডলার)- ডারউইন ডি. মার্টিন হাউস স্টেট হিস্টোরিক সাইটের সংগ্রহ সংরক্ষণ এবং প্রদর্শনের জন্য একজন কিউরেটরিয়াল ইন্টার্নকে সহায়তা।

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণের NYS অফিস
নিউ ইয়র্ক স্টেট অফিস অব পার্কস, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ 250টিরও বেশি স্বতন্ত্র পার্কের, ঐতিহাসিক স্থান, গলফ কোর্স, নৌকার ঘাট ও বিনোদনমূলক ভ্রমণপথের তত্ত্বাবধান করে, যেগুলো দেখতে প্রতি বছর 77 মিলিয়ন মানুষ আসে। সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের এক গবেষণায় দেখা গেছে, স্টেট পার্ক ও এর দর্শনার্থী দ্বারাযা ব্যয় হয় তা 5 বিলিয়ন মার্কিন ডলার আউটপুট ও বিক্রয়কে প্রসারিত করে, 54,000 বেসরকারি খাতের চাকরি সৃষ্টি এবং অতিরিক্ত রাষ্ট্রীয় জিডিপি 2.8 বিলিয়ন মার্কিন ডলারের বেশি যোগ করতে পারে। এই বিনোদন কেন্দ্রসমূহ সম্পর্কে অতিরিক্ত তথ্য পেতে চাইলে কল করুন 518-474-0456 নম্বরে অথবা ভিজিট করুন parks.ny.gov বা সংযুক্ত হন ফেসবুকে, বা ফলো করুন টুইটারে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন